

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক আয়োজিত শিল্প ক্ষেত্রে
আয়নায়নকারী বিকিরণ উৎস এর উপর ৪র্থ তম প্রশিক্ষণ কোর্স
০৮-১১ আগস্ট ২০১৬ ইং



আয়নায়নকারী বিকিরণ সোর্স/যন্ত্রপাতি ব্যবহারকারীদেরকে সুষ্ঠুভাবে কর্মকাণ্ড পরিচালনার জন্য পানিবিদ্য বিধিমালা ১৯৯৭ অনুযায়ী প্রশিক্ষণের প্রয়োজন। দক্ষ বিশেষজ্ঞগণ বিকিরণ নিয়ন্ত্রণ কর্মসূচীর সাফল্যের মূল চালিকা শক্তি। বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তা তেজস্ক্রিয় পদার্থ/সোর্স যন্ত্রপাতি ইত্যাদি ব্যবহারের সাথে জড়িত ঝুঁকি, আইনগত চাহিদা, এবং নিজের দায়িত্ব ইত্যাদি সম্পর্কে ওয়াকেবহাল থাকা প্রয়োজনীয়।

০৮-১১ আগস্ট ২০১৬ ইং তারিখে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, অথরিটি ভবনে আরসিও-দের জন্য শিল্প ক্ষেত্রে আয়নায়নকারী বিকিরণ উৎস এর উপর ৪র্থ তম প্রশিক্ষণ কোর্স আয়োজন করা হয়। আরসিও প্রশিক্ষণ কোর্সটিতে বাংলাদেশের বিভিন্ন জেলা ও উপজেলার (ঢাকা, কুমিল্লা, ব্রাহ্মনবাড়ীয়া, চট্টগ্রাম, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, জয়পুরহাট, সিরাজগঞ্জ, গাজীপুর, সুনামগঞ্জ, হবিগঞ্জ) বিভিন্ন প্রতিষ্ঠান থেকে মোট ৩৩ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। আগামী ২৩ শে অক্টোবর এই প্রশিক্ষণ কোর্সের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য যে, বাপশনিক প্রতিষ্ঠার পর ২০১৩ সালে অনুষ্ঠিত ১১টি প্রশিক্ষণ কোর্সে মোট ৫০৬ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন এবং ২০১৪ সালে অনুষ্ঠিত ১৪টি প্রশিক্ষণ কোর্সে ৬৩৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। ২০১৫ সালে অনুষ্ঠিত মোট ১৩টি প্রশিক্ষণ কোর্সে ৪১৯ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। ২০১৬ সালের আগস্ট মাস পর্যন্ত অনুষ্ঠিত ১০ টি প্রশিক্ষণ কোর্সে ৩৭৮ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। বাপশনিক প্রতিষ্ঠার পর এ পর্যন্ত মোট ৪৮ টি উল্লেখিত প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে সর্বমোট ১৯৩৮ (এক হাজার নয়শত আটত্রিশ) জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণ করেন।

১২ই ফেব্রুয়ারী ২০১৩ হতে ৩১ডিসেম্বর ২০১৪ সময়কালে আরসিও পরীক্ষায় অংশগ্রহণ করেন মোট ৩৩৯ জন ও উত্তীর্ণ হয়ে মূল নতুন আরসিও সনদপত্র প্রাপ্ত হন মোট ২৯২ জন এবং ২০১৫ সালের ডিসেম্বর মাস পর্যন্ত অনুষ্ঠিত আরসিও পরীক্ষায় অংশ গ্রহণ করেন মোট ১৮১ জন ও উত্তীর্ণ হয়ে মূল নতুন আরসিও সনদপত্র প্রাপ্ত হন মোট ১৫৪ জন। ২০১৬ সালের জানুয়ারি-জুলাই মাস পর্যন্ত আরসিও পরীক্ষায় অংশ গ্রহণ করেন মোট ১৪৭ জন ও উত্তীর্ণ হয়ে মূল নতুন আরসিও সনদপত্র প্রাপ্ত হন মোট ১৩৪ জন। উল্লেখ্য যে www.baera.gov.bd Website এ আভ্যন্তরীণ ই-সেবার মধ্যে Online-এ প্রশিক্ষণের আবেদন পূরণ করে পাঠানোর ব্যবস্থা করা হয়েছে। প্রশিক্ষণার্থীদের মতামতের আলোকে কোর্সের সামগ্রিক মান উন্নয়নের জন্য বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।